



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
Embassy of Bangladesh
Embajada de Bangladesh
Madrid



“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

বিশেষ জরুরি বিজ্ঞপ্তি

১০ মার্চ, ২০২০

স্পেনে করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতির সাম্প্রতিক সময়ে ব্যাপক অবনমন ঘটেছে। আক্রান্তের হার এবং করোনাজনিত মৃত্যুহার প্রতিদিনই বাড়ছে। কর্তৃপক্ষ মাদ্রিদের সকল শিক্ষাপ্রতিষ্ঠান দুই সপ্তাহের জন্য বন্ধ ঘোষণা করেছেন। বর্তমান অবস্থায় দূতাবাসে আগমনে প্রবাসীদের উচ্চ ঝুঁকি রয়েছে। এর পরিপ্রেক্ষিতে স্পেন প্রবাসী বাংলাদেশী নাগরিকদের সার্বিক কল্যাণার্থে বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ, স্পেন নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ১। আগামী ৩১ মার্চ ২০২০ পর্যন্ত দূতাবাসের কনসুলার সেবা সীমিতভাবে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। শুধুমাত্র জরুরি প্রয়োজনে এবং পূর্ব নির্ধারিত এপয়েন্টমেন্টের ভিত্তিতে সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কনসুলার সেবা প্রদান করা হবে। এপয়েন্টমেন্ট নেয়ার নম্বরঃ ৯১৪০১৯৯৩২ (সকাল ১০ টা থেকে দুপুর ১টা)। দূতাবাসে আগমনের অন্তত একদিন পূর্বেই টেলিফোনে এপয়েন্টমেন্ট গ্রহণ করার পরামর্শ দেয়া হচ্ছে। শুধুমাত্র জরুরি প্রয়োজন ব্যতীত প্রবাসী বাংলাদেশীদের দূতাবাসে আগমন নিরুৎসাহিত করা হচ্ছে।
- ২। করোনা পরিস্থিতির কারণে দূতাবাসে একটি হটলাইন চালু করা হয়েছে যার নম্বর +৩৪ ৬৭১ ১৯৬ ৯৯২। দূতাবাসের প্রথম সচিব (শ্রম) মুহাম্মদ মুতাসিমুল ইসলামের সাথে জরুরি প্রয়োজনে এই নম্বরে যোগাযোগ করা যাবে।
- ৩। করোনা পরিস্থিতি মোকাবেলায় জরুরি প্রয়োজন ব্যতিরেকে প্রবাসীদের বাইরে যাতায়াত না করার পরামর্শ প্রদান করা হচ্ছে। পাবলিক প্লেসে যাতায়াত এবং পাবলিক ট্রান্সপোর্ট ব্যবহারে সতর্ক থাকা বাঞ্ছনীয়। কিছুক্ষণ পরপর সাবান দিয়ে ২০ সেকেন্ড সময় নিয়ে কবজি পর্যন্ত উভয় হাত অন্তত ২০ সেকেন্ড ধরে ধুয়ে ফেলতে হবে। হাত দিয়ে মুখ, নাক বা চোখ স্পর্শ করা যাবে না। ষাটোর্ধ বয়স্কদের জন্য অতি সতর্কতা কাম্য।
- ৪। স্থানীয়ভাবে স্পেনিশ কর্তৃপক্ষের নির্দেশনা কঠোরভাবে মেনে চলার পরামর্শ প্রদান করা যাচ্ছে।
- ৫। সংকটকালীন সময়ে কনসুলার সেবা সংকোচনে সৃষ্ট অতিরিক্ত চাপ পরবর্তীতে অতিরিক্ত সেবার মাধ্যমে এবং বিভিন্ন শহরে কনসুলার টিম প্রেরণের মাধ্যমে সমাধানের উদ্যোগ নেয়া হবে।
- ৬। প্রবাসী বাংলাদেশীদের সার্বক্ষণিক সেবা প্রদানে দূতাবাস অঙ্গীকারাবদ্ধ। আতংকিত না হয়ে ধৈর্য ধারণ করে সাম্প্রতিক পরিস্থিতি মোকাবেলায় সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

(হারুন আল রশিদ)

মিনিষ্টার/মিশন উপ-প্রধান